



কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয় : ১৩৭/এ, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।



অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	: প্রকৌ. খায়েজ আহম্মদ মজুমদার
তারিখ	: ৩০-০৯-২০১৯
স্থান	: প্রধান কার্যালয়স্থ সভাকক্ষ
উপস্থিত সদস্য	: পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক উপস্থিত আবাসিক-বাণিজ্যিক-শিল্পসহ বিভিন্ন শ্রেণির গ্রাহক, ক্যাব, গ্রাহক কল্যাণ সমিতি এবং ঠিকাদার কল্যাণ সমিতির প্রতিনিধিগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সূচনা বক্তব্যে উল্লেখ করা হয় যে, মাননীয় প্রধানমন্ত্রীর সুদূরপ্রসারী পরিকল্পনায় ক্ষুধা-দারিদ্র মুক্ত সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে রূপকল্প-২০২১ ও রূপকল্প-২০৪১ অনুযায়ী দেশের সকল পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কেজিডিসিএল-এ অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভার আয়োজন করা হয়েছে। সভায় উপস্থিত সকল পর্যায়ের প্রতিনিধিগণকে কোম্পানির দাপ্তরিক কাজের গতিশীলতা, গ্যাসের শাস্ত্রীয় ব্যবহার, এর অপচয় ও অবৈধ ব্যবহার রোধ, গ্যাস সংযোগ প্রক্রিয়া, সেবার মান ইত্যাদি বিষয়ে সকলের মতামত কামনা করা হয়।

১.০ আলোচনা :

- ১.১ ফোর স্টার সিএনজি ফিলিং স্টেশন এন্ড কনভার্সন প্রতিনিধি আলোচনায় উল্লেখ করেন-সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে দাপ্তরিক কাজে গতিশীলতা বৃদ্ধি, দ্রুত সময়ে ফাইল অনুমোদন, One Stop Service চালু করলে অভিজ্ঞ লক্ষ্য অর্জন সম্ভব হবে। কেজিডিসিএল অধিভুক্ত এলাকায় গ্যাসের সরবরাহ লাইনে আশানুরূপ চাপ বৃদ্ধি পাওয়ায় তিনি বর্তমান সরকার ও কেজিডিসিএল কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন।
- ১.২ বাণিজ্যিক গ্রাহক মেসার্স মদিনা হোটেল এর প্রতিনিধি কেজিডিসিএল এর বিদ্যমান Call Center- এর সক্ষমতা আরো বৃদ্ধির বিষয়ে সভায় মতামত ব্যক্ত করেন।
- ১.৩ সভায় আবাসিক গ্রাহক প্রতিনিধিগণ কেজিডিসিএল এর সুনাম বৃদ্ধি এবং সুশাসন প্রতিষ্ঠার কাজ এগিয়ে নেয়ার জন্য গ্রাহক সেবার মান আরো উন্নত করা, গ্রাহকদের সাথে Pro-active approach ব্যবহার করা এবং যেসকল খেলাপি গ্রাহক রয়েছে তাদের ব্যাপারে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করেন।
- ১.৪ আলোচনায় গ্যাস সংযোগের বিপরীতে আবেদনকৃত জনসাধারণ, যাদের জামানত ও অন্যান্য ফি কেজিডিসিএল-এ দীর্ঘদিন যাবৎ জমা রয়েছে তাঁদের সংযোগ দ্রুত প্রদানের জন্য গ্রাহক কল্যাণ সমিতির সভাপতি ও সেক্রেটারি এবং ঠিকাদার কল্যাণ সমিতির সভাপতি সভায় অনুরোধ করেন।
- ১.৫ কনজিউমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) প্রতিনিধিগণ সভায় সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সকল পর্যায়ের গ্রাহকদের সাথে সরাসরি যোগাযোগ প্রক্রিয়া অব্যাহত রাখা, কোম্পানি ও গ্রাহক পর্যায়ে যোগাযোগের ক্ষেত্রে কোনধরণে সুবিধাভোগী শ্রেণি সৃষ্টি না হয় সেদিকে লক্ষ্য রাখা, Dialogue চালু রাখা, যে কোন ধরনের অভিযোগ দ্রুত সময়ে নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা, গ্যাসের লিকেজ মেরামত-রক্ষণাবেক্ষণ কাজের সময় গ্যাস সরবরাহ বন্ধের প্রয়োজন হলে সেক্ষেত্রে একাধিক প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার এবং সংশ্লিষ্ট এলাকায় মাইকিং এর ব্যবস্থা করার গুরুত্বারোপ করেন।


তাছাড়াও আবেদনকারী/অভিযোগকারী তাঁর বিষয়টি কোন পর্যায়ে রয়েছে সে বিষয়ে হাল-নাগাদ তথ্য ওয়েবসাইট থেকে সংগ্রহ করতে পারে সেদিকে লক্ষ্য রাখার প্রতি ক্যাব প্রতিনিধিগণ দৃষ্টি আকর্ষণ করেন। অনলাইন বিল প্রদানের ক্ষেত্রে বিভিন্ন ব্যাংকে জমা প্লিপ না থাকায় গ্রাহকগণকে বিল জমা দেয়ার ক্ষেত্রে ভোগান্তির শিকার হতে হয় সে বিষয়ে সমাধানের দিকে নজরদারি বাড়ানো এবং প্রি-পেইড মিটার কার্ড রিচার্জ এর জন্য প্রয়োজনীয় সংখ্যক POS Center স্থাপন করাসহ কার্ড রিচার্জ আরো সহজিকরণের জন্য তাগিদ প্রদান করেন। সভায় আবাসিক খাতে গ্যাসের শাস্ত্রীয় ব্যবহারের লক্ষ্যে প্রি-পেইড মিটার সংযোজন কার্যক্রম অব্যাহত রাখার দাবী করা হয়।

২.০ সিদ্ধান্ত :

- ২.১ দাপ্তরিক কাজে গতিশীলতা বৃদ্ধির জন্য কেজিডিসিএল ই-নথি কার্যক্রমের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে কোম্পানির জনবলকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে দক্ষতা বৃদ্ধি করতে হবে। One Stop Service চালুর জন্য কেজিডিসিএল কর্তৃক যাবতীয় অবকাঠামো ও সরঞ্জামাদি প্রস্তুত করা হয়েছে। BERC কর্তৃক নীতিমালা জারি হলেই তা চালু করা হবে।
- ২.২ Call Center-এর সক্ষমতা বাড়ানোর বিষয়টি দ্রুত বাস্তবায়ন করা হবে। সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট এ বিষয়ে মনিটরিং করবে।
- ২.৩ কোম্পানিতে আগত গ্রাহক ও অন্যান্য দর্শনার্থীগণের সাথে ভাল আচরণের মাধ্যমে সেবা কার্যক্রমের মান উন্নতকরণে সংশ্লিষ্ট ডেস্ক কর্মকর্তাদের প্রতি নির্দেশনা দেয়া আছে। ভবিষ্যতেও ইহা অব্যাহত থাকবে। অবৈধ গ্যাস ব্যবহারকারী এবং খেলাপি গ্রাহকদের বিরুদ্ধে প্রয়োজনীয় কার্যক্রম আরো জোড়দার করা হচ্ছে।
- ২.৪ আবাসিক খাতে গ্যাস সংযোগের বিষয়ে সরকারি সিদ্ধান্ত সাপেক্ষে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।
- ২.৫ সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে কোম্পানিতে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি হলে তা দ্রুততার সাথে নিষ্পন্ন করা হবে। অনিয়ম-দুর্নীতির বিষয়ে কর্তৃপক্ষ জিরো টলারেন্স প্রদর্শন করে আসছে, যা আগামীতে অব্যাহত থাকবে। অভিযোগসমূহ GRS ফোকাল পয়েন্ট এর মাধ্যমে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা নেয়া হবে। অনলাইন বিলিং সহজীকরণের জন্য ব্যাংকসমূহে কোম্পানির নজরদারী বাড়ানো হবে। প্রি-পেইড মিটার কার্ড রিচার্জ এর POS Center বৃদ্ধিকরণসহ মোবাইল অ্যাপস এর মাধ্যমে বিল পরিশোধের বিষয়ে সম্ভাব্যতা যাচাই করা হবে। তদালোকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। ইতোমধ্যে ষাট হাজার আবাসিক মিটার সংযোগ সম্পন্ন হয়েছে। আগামী আরো দুই লক্ষ আবাসিক মিটার সংযোজন হবে। পর্যায়ক্রমে এ প্রক্রিয়া চালু রাখার পরিকল্পনা গ্রহণ করা হবে।

সভায় কেজিডিসিএল কর্তৃপক্ষ পুনর্ব্যক্ত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শি ও সমরোপযোগি সিদ্ধান্তের মাধ্যমে আমদানীকৃত আরএলএনজি কেজিডিসিএল বিতরণ নেটওয়ার্কে সরবরাহ অব্যাহত আছে। আমদানীকৃত মূল্যবান গ্যাসের অপচয় ও অবৈধ ব্যবহার পরিহার করাসহ এতদসংশ্লিষ্ট সকল প্রকার অবৈধ কার্যকলাপ হতে বিরত থাকার গুরুত্ব তুলে ধরে কেজিডিসিএল কর্তৃপক্ষ বক্তব্য উপস্থাপন করেন এবং অবৈধভাবে গ্যাস ব্যবহারকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে উপস্থিত আবাসিক-বাণিজ্যিক-শিল্পসহ বিভিন্ন শ্রেণির গ্রাহক, ক্যাব, গ্রাহক কল্যাণ সমিতি ও ঠিকাদার কল্যাণ সমিতির নেতৃবৃন্দের সহযোগিতা কামনা করেন। উপস্থিত সম্মানিত/নেতৃবৃন্দ কেজিডিসিএল এর আহ্বানে আন্তরিক ধন্যবাদ ও সন্তোষ প্রকাশ করেন, সাথে সাথে কেজিডিসিএল কর্তৃপক্ষকে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

পরিশেষে কেজিডিসিএল এর ব্যবস্থাপনা পরিচালক সভায় অংশগ্রহণকারী সকলকে উপস্থিত হয়ে মূল্যবান মতামত, পরামর্শ এবং সহযোগিতার আশ্বাস প্রদানের জন্য ধন্যবাদ জানান ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(প্রকৌ. খায়েজ আহম্মদ মজুমদার)

ব্যবস্থাপনা পরিচালক, চলতি দায়িত্ব